

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
পরিকল্পনা শাখা

বিষয়: South Asia Sub Regional Economic Cooperation (SASEC) Integrated
Trade Facilitation Sector Development Project: NBR part শীর্ষক প্রকল্পের
Project Steering Committee (PSC) সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু হেনা মোঃ রহমাতুল মুনিম সিনিয়র সচিব
সভার তারিখ	২২-০৬-২০২৩
সভার সময়	১০:৩০ ঘটিকা
স্থান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত করা হলো:

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ বিভাগের যুগ্ম সচিব (পরিকল্পনা) সভায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। এডিপিভুক্ত প্রকল্পটির উপর বিস্তারিত আলোচনায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা, বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালক-কে অনুরোধ করা হয়:

০২। প্রকল্প পরিচালক নিম্নোক্তভাবে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন: ২০২২-২৩ অর্থবছরে জিওবি ৪৫ লক্ষ এবং প্রকল্প সাহায্য ২০ লক্ষসহ মোট ৬৫ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। জিওবি ফান্ড হতে ইতোমধ্যে প্রচার ও বিজ্ঞাপন খাতের বিল পরিশোধ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

০৩। প্রকল্পের বাস্তব অগ্রগতি:

প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী ০২টি যানবাহন (১টি SUV ও ১টি মাইক্রোবাস) ভাড়াকরণের লক্ষ্যে গত ১৭ মে, ২০২৩ খ্রিঃ তারিখে Procurement Plan, Cost Estimate and Tender Document এর বিষয়ে NOC প্রদানের জন্য এডিবি বরাবর ই-মেইল করা হয়। কিন্তু এডিবি হতে উক্ত বিষয়ে কোন মতামত জানানো হয়নি। প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গত ৭ জুন, ২০২৩ তারিখে অনুমোদন করা হয়েছে। Project Management Consulting (PMC) ফার্ম নিয়োগের লক্ষ্যে REOI প্রস্তুত করা হয়েছে। Draft REOI বিষয়ে Asian Development Bank (ADB) এর সম্মতি গ্রহণপূর্বক REOI ০২টি জাতীয় পত্রিকা, জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট ও এডিবি'র Consultant Management System (CMS)-এ প্রকাশ করা হয়েছে। ২০টি ফার্ম EOI দাখিল করেছে। উক্ত EOI সমূহ প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করা হচ্ছে। ADB কর্তৃক Detailed Design Consultancy (DDC) ফার্ম নিয়োগের লক্ষ্যে REOI প্রস্তুত করা হয়েছে। Draft REOI বিষয়ে Asian Development Bank (ADB) এর সম্মতি গ্রহণপূর্বক REOI ০২টি জাতীয় পত্রিকা, জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট ও এডিবি'র Consultant Management System (CMS)-এ প্রকাশ করা হয়েছে। ১২টি ফার্ম EOI দাখিল করেছে। PMC এর মূল্যায়ন কার্যক্রম শেষে DDC এর EOI সমূহ প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করা হবে। SASEC-ITF-SDP: NBR Part শীর্ষক প্রকল্পের আওতায় ডিপিপি'র অন্তর্ভুক্ত 'Internal Audit Consulting

Services (Package no. NBR/CS-03)' পরামর্শক সেবার TOR ও ব্যয় প্রাক্কলন সংশোধনের বিষয়ে মতামত প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড ও আইআরডি'র মাধ্যমে পরিকল্পনা কমিশন বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পের অফিস স্পেস ভাড়া লক্ষ্যে দরপত্র আহবান করা হলে ৩টি প্রতিষ্ঠান হতে দরপত্র পাওয়া যায়, যার মধ্যে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের বিষয়টি উল্লেখপূর্বক ০৪ (চার) বছরের জন্য অফিস স্পেস ভাড়া গ্রহণে অর্থবিভাগ হতে প্রশাসনিক এবং আর্থিক অনুমোদনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়। যার কার্যক্রম অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক চলমান রয়েছে। প্রকল্পের আওতায় Project Administration Goods [Package No. NBR/GO-01A] এর Request for Quotation (RFQ) এর বিজ্ঞাপন প্রকাশ করা হয়। পরবর্তী সময়ে ০৩ টি প্রতিষ্ঠান দরপত্র দাখিল করেন যার মধ্যে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদানের লক্ষ্যে এডিবি এনওসি প্রদান করেছেন। ফলে এই অর্থবছরে প্রায় ১০ লক্ষ টাকার Project Administration Goods ক্রয়ের কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী Project Support staff outsourcing firm নিয়োগের লক্ষ্যে এর Request for Express of Interest (REOI) বিজ্ঞপ্তি দুটি জাতীয় পত্রিকায় প্রকাশ করা হয়। এ প্রেক্ষিতে ৫টি প্রতিষ্ঠান দরপত্র দাখিল করেন যা গত ০৭/০৬/২৩ তারিখে উন্মুক্তকরণ কমিটি কর্তৃক উন্মুক্ত করে গঠিত মূল্যায়ন কমিটির নিকট হস্তান্তর করেন। সে লক্ষ্যে ১৪/০৬/২৩ তারিখে মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হবে।

০৪। প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা:

কাজের বিবরণ	সম্পাদনের সম্ভাব্য সময়	সম্ভাব্য সম্পাদনের তারিখ
১. Transportation Service ক্রয়	০২ (দুই) মাস	১৫/০৮/২০২৩
২. আউটসোর্সিং জনবল ফার্ম নিয়োগ	০১ (এক) মাস	২৩/০৭/২০২৩
৩. Project administration goods ক্রয়	০১ (এক) মাস	৩০/০৭/২০২৩
৪. PMC ফার্ম নিয়োগ	০৫ (পাঁচ) মাস	২৬/১০/২০২৩
৫. Detailed Design Consultant for Darshana, Birol, Sonahat, Sheora, Bibirbazar, Teknaf BCPs	০৭ (সাত) মাস	১৮/১২/২০২৩
৬. Internal Audit Consulting Service	০৭ (সাত) মাস	২৭/১২/২০২৩

প্রকল্প পরিচালক আরো জানান যে, প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে PIU-HQ-এ বর্ণিত ০২ (দুই) জন কর্মকর্তার পরিবর্তে অন্য ০২ (দুই) জন কর্মকর্তাকে প্রকল্পে পদস্থ করার জন্য এবং সহকারী রাজস্ব কর্মকর্তাদের পূর্ণকালীন সংযুক্তিতে প্রকল্পের দায়িত্ব পালনে ন্যস্ত করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড বরাবর পত্র প্রেরণ করা হয়। এডিবি-কে CLIENT PORTAL FOR DISBURSEMENTS (CPD) এর আইডি প্রদানের জন্য নির্ধারিত ফর্মে গত ১২/০২/২০২৩ খ্রি: তারিখে Creator, Verifier ও Approver তথ্য প্রদান করা হলেও অদ্যাবধি প্রকল্প অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অনুকূলে আইডি পাওয়া যায়নি। ফলে এডিবির প্রকল্প সাহায্য বাংলাদেশ ব্যাংকের ইমপ্রেস্ট একাউন্ট তথা সোনালী ব্যাংকের মাধ্যমে অর্থ ছাড় করা সম্ভব হচ্ছে না। প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী ০২টি যানবাহন (১টি SUV ও ১টি মাইক্রোবাস) ভাড়া করণের লক্ষ্যে গত ১৭ মে, ২০২৩ খ্রি: তারিখে Procurement Plan, Cost Estimate and Tender Document এর বিষয়ে NOC প্রদানের জন্য এডিবি বরাবর ই-মেইল করা হয়। কিন্তু এডিবি হতে উক্ত বিষয়ে কোন মতামত জানানো হয়নি। এর ফলে প্রকল্প অফিসের জন্য গাড়ি ভাড়া করা সম্ভব হচ্ছে না। প্রকল্পের অফিস স্পেস ভাড়ার ক্ষেত্রে অর্থবিভাগ হতে অনুমোদন পাওয়া গেলে জুলাই, ২০২৩ তারিখে অফিস ভাড়া নেওয়া সম্ভব হবে।


এ বিভাগের যুগ্মসচিব পরিকল্পনা সভাকে জানান যে, উক্ত প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বাজেটে ৬৫ (পয়ষট্টি) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।

এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, প্রতিটি প্রকল্পের বরাদ্দ চাহিদার ক্ষেত্রে অর্থবহরের শুরুতে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং উক্ত ক্রয় পরিকল্পনা অনুযায়ী যে পরিমাণ অর্থ ব্যয় করতে পারবে, সেই পরিমাণ বাজেট বরাদ্দ প্রদানের জন্য চাহিদা প্রেরণ করতে হবে। যাতে করে উক্ত প্রকল্পের অর্থনৈতিক অগ্রগতির সাথে বাস্তবায়ন অগ্রগতির সামঞ্জস্য থাকে। তিনি আরও জানান যে, ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে অপারগ হলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক-কে সে বিষয়ে স্বয়ংসম্পূর্ণ ব্যাখ্যা প্রদান করতে হবে।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী সংস্থা
সিদ্ধান্ত-১: উক্ত প্রকল্পের অনুকূলে বেসরকারি বাড়ী ভাড়াকরণ এবং প্রকল্পটি যথাসময়ে সম্পন্ন করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-২: উক্ত প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ কেন ব্যয় করা হয়নি সে বিষয়ে স্বয়ংসম্পূর্ণ ব্যাখ্যা প্রদান করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

 ০৪/০৭/২০২৩

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব


স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৯.০৬.০০১.২০.১৫৫

তারিখ: ২০ আষাঢ়, ১৪৩০

০৪ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
- ৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
- ৫) Country Directo, Asian Development Bank, .
- ৬) যুগ্ম সচিব, পরিকল্পনা শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ৭) সদস্য (অতিরিক্ত দায়িত্ব), শুল্ক ও ভ্যাট প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
- ৮) যুগ্ম সচিব, বাজেট-৭ অধিশাখা, অর্থ বিভাগ
- ৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ১০) প্রকল্প পরিচালক, South Asia Sub Regional Economic Cooperation(SASEC) Intergrated Trade Facilitation Sector Development Project: NBR part শীর্ষক প্রকল্প।
- ১১) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১২) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

 ০৪/০৭/২৩

কনাই লাল শীল
সিনিয়র সহকারী সচিব